অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-নিকস/নি-১/জাস-১০/২০০৮/৪৪৪ তারিখ: ১৬ ডিসেম্বর ২০১০

বিষয়: **জাতীয় সংসদের ২৩৯ হবিগঞ্জ-১ ও ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে পত্র প্রেরণের সুযোগ দান প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১৭ জানুয়ারি ২০১১ তারিখে জাতীয় সংসদের ২৩৯ হবিগঞ্জ-১ ও ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের "পোস্টাল ব্যালট" এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে:

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৮ ধারার (৩) ও (৫) উপ-ধারায় বর্ণিত ব্যক্তিবর্গ (যথা-সরকারী চাকুরীরত বা সরকারী কোন পদে অধিষ্ঠিত কোন ব্যক্তি, জেলখানায় বা আইনগত হেফাজতে আটক ভোটারগণ);

(খ) নির্বাচন সংক্রান্ত দায়িত্বে যারা স্বীয় ভোটকেন্দ্র হতে দূরে অন্যত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত;

(গ) বিদেশে অবস্থারত বাংলাদেশী ভোটার।

[গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি সংযুক্ত]

২। উল্লিখিত শ্রেনীর ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে রিটার্নিং অফিসার তাদের নিকট ডাকযোগে "পোস্টাল ব্যালট" প্রেরণ করবেন। উল্লেখ্য যে, জাতীয় সংসদের ২৩৯ হবিগঞ্জ-১ ও ২৪৫ ব্রাহ্মণবাড়িয়া-৩ শূন্য আসনের নির্বাচন পরিচালনার জন্য উপ-নির্বাচন কমিশনার, সিলেট/চট্টগ্রামকে রিটার্নিং অফিসার এবং ২ জন জেলা নিবাচন অফিসার ও ২ জন উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে (কপি সংযুক্ত)। রিটার্নিং অফিসার যাতে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে দেশের ও বিদেশের বিভিন্ন স্থানে "পোস্টাল ব্যালট" ডাকযোগে প্রেরণ করতে পারেন তার নিশ্চয়তা বিধানের জন্য অনুরোধ করা হল। অনুরূপভাবে ডাকযোগে যারা উল্লিখিত শূন্য আসনের নিবাচনে ভোটদানের সুযোগ গ্রহণ করবেন তারাও যাতে এ সুবিধা পেতে পারেন সে বিষয়েও নিশ্চয়তা বিধানের অনুরোধ করা হল। এ সুযোগ প্রদান সম্বলিত বিল "বুক এডজাষ্টমেন্ট" এর মাধ্যমে পরিশোধ করা হবে।

(মোহাঃ ইসরাইল হোসেন)
সিনিয়র সহকারী সচিব (নি-১)
ফোনঃ ৮১১৫১৬৬

মহাপরিচালক
ডাক অধিদপ্তর
বাংলাদেশ ডাক বিভাগ
ঢাকা

নং-নিকস/নি-১/জাস-১০/২০০৮/৪৪৪ তারিখ: ১৬ ডিসেম্বর ২০১০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা
২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, সিলেট/চট্টগ্রাম
৪। জেলা প্রশাসক, হবিগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া
৫। উপ-নির্বাচন কমিশনার, সিলেট/কুমিল্লা ও রিটার্নিং অফিসার
৬। জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
৭। জেলা নির্বাচন অফিসার-১, ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী রিটার্নিং অফিসার
৮। উপজেলা নির্বাচন অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
৯। উপজেলা নির্বাচন অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া ও সহকারী রিটার্নিং অফিসার

২৬/১২/১০
(মোহাঃ ইসরাইল হোসেন)
সিনিয়র সহকারী সচিব (নি-১)